

উচ্চ মাধ্যমিক স্তর
উপবৃত্তি পাবে ১৭ লাখ
দরিদ্র শিক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ১৭ লাখ ৩ হাজার দরিদ্র শিক্ষার্থী উপবৃত্তির আওতায় আসছে। বিজ্ঞান ও অন্যান্য বিভাগ— এই দুই ক্যাটাগরিতে উপবৃত্তি দেয়া হবে। বিজ্ঞান বিভাগে উপবৃত্তিপ্ৰাপ্ত একজন শিক্ষার্থী মাসিক বৃত্তি হিসেবে ১৭৫ টাকা ও টিউশন ফি বাবদ ৫০ টাকা পাবে। সেই সঙ্গে বই ক্রয় ও পরীক্ষা ফি বাবদ এককালীন ১ হাজার ৬শ' টাকা পাবে। অন্যান্য বিভাগ থেকে উপবৃত্তিপ্ৰাপ্ত একজন শিক্ষার্থী মাসে ১২৫ টাকা বৃত্তি ও ৫০ টাকা টিউশন ফি পাবে। এছাড়াও এককালীন বই ক্রয় ও পরীক্ষা ফি বাবদ ১ হাজার ২শ' টাকা পাবে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় প্রকল্পটি অনুমোদন দেয়। একই সঙ্গে ১ হাজার ৫৪৫ কোটি টাকার প্রাকল্পিত ব্যয়ে মোট ছয়টি প্রকল্পের অনুমোদন দেয়া হয়। মঙ্গলবার প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে এ প্রকল্পগুলোর অনুমোদন দেয়া হয়। মোট ব্যয়ের পুরোটাই সরকারি অর্থায়ন থেকে বরাদ্দ দেয়া হবে। সভা শেষে সাংবাদিকদের ব্রিফ করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। জানা গেছে, উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত নারী শিক্ষার্থীদের মধ্যে থেকে ৪০ ভাগ এবং পুরুষ শিক্ষার্থীদের থেকে ১০ ভাগকে এ উপবৃত্তির আওতায় নিয়ে আসা হবে। এর ফলে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী যুরে পড়া রোধ ও উৎসাহ বাড়বে বিজ্ঞান শিক্ষায়। একনেক সভায় এ কার্যক্রম সম্পূর্ণ করতেই উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প নামক একটি প্রকল্প অনুমোদন দেয়া হয়।